**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 12 May 2025** **TIME: 7:35 AM**

---

## ভারত-পাকিস্তান উভয় দেশের সামরিক অভিযান সঞ্চালক প্রধান পর্যায়ের আলোচনা আজ অনুষ্ঠিত হবে । এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীর সরকারী বাসভবনে এক উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হয়ে সর্বশেষ পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন ।

---

রাজ্যে দুটি পর্যায়ে অনুষ্ঠিত গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা অব্যাহত রয়েছে । এখনো পর্য্যন্ত পাওয়া খবর অনুযায়ী রাজ্যের ৩৯৭টি জেলা পরিষদ আসন ও দু হাজার একশ ৯১টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের বেশী সংখ্যক আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থীরা এগিয়ে রয়েছেন ।

---

কাছাড় জেলায় গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা অব্যাহত রয়েছে । শেষ পাওয়া খবর পর্যন্ত ২৩ টি জেলা পরিষদ আসনের মধ্যে ১৮ টি আসনে বিজেপি প্রার্থীরা এগিয়ে

রয়েছেন । তিনটি আসনে কংগ্রেস প্রার্থী এবং কয়েকটি আসনে নির্দল প্রার্থীরা এগিয়ে রয়েছেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । শিলচর রামনগরের আই এস বি টি ও আই এস টি টি তে ভোটগণনা চলছে । গতকাল বৃষ্টির ফলে নির্ধারিত সময়ের এক ঘন্টা পর ভোট গণনা শুরু হয়েছে ।

---

উল্লেখ্য কাছাড় জেলার ২৫ টি জেলা পরিষদ আসনে ৬৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এর মধ্যে দুটি আসনে বিজেপি প্রার্থী বিনাপ্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছেন । আঞ্চলিক পঞ্চায়েতের ১৬২ টি আসনে ৩৮১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন এর মধ্যে ৩৫ জন বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছেন । গ্রাম পঞ্চায়েতের ১ হাজার ৬২০ টি গ্রুপ সদস্য পদে ৪ হাজার ৫১ জন প্রতিদ্বন্দি প্রার্থীর মধ্যে ৩১৯ জন বিনা প্রতিদ্বন্দিতায় জয়ী হয়েছেন । এদিকে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই কাছাড় জেলায় বিজেপি জেলা পরিষদ গঠন করবে এবং আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদেও বিজেপি - অগপ মিত্রজোঁট জয়লাভ করবে বলে আশা প্রকাশ করেছেন । কংগ্রেস দল ১২ টি জেলা পরিষদের আসন দখল করতে সক্ষম হবে বলে কংগ্রেস নেতা সঞ্জীব রাই আশা প্রকাশ করেছেন ।

---

শ্রীভূমি জেলার গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা এখনো চলছে । জেলার ১৬টি জেলা পরিষদ আসনের মধ্যে বি জেপি ইতিমধ্যে দুটি আসনে বিজয়ী হয়েছে এবং বাকী ১৪টি আসনে এগিয়ে রয়েছে ।

শেষ পাওয়া খবরে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে জেলার ৯৬টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের মধ্যে প্রায় ৪৫টি আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থীরা এগিয়ে রয়েছেন ।

উল্লেখ্য করিমগঞ্জ কলেজের ৮টি কক্ষের প্রতিটিতে ১০টি করে টেবিলে ভোট গননা করা হচ্ছে । এদিকে রামকৃষ্ণনগর সনজেলার চারটি জেলা পরিষদের ভোট গননা রামকৃষ্ণনগর কলেজের চারটি কক্ষে এবং পাথারকান্দি সমজেলার চারটি জেলা পরিষদের ভোট গননা আকাইদুম ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হচ্ছে ।

---

এদিকে হাইলাকান্দি থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে জেলার ৮টি জেলা পরিষদ আসনের ভোট গননা শান্তিপূর্নভাবে চলছে । হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের চারটি জেলা পরিষদ আসনের মধ্যে তিনটিতে বিজেপি ও একটি কংগ্রেস এগিয়ে রয়েছে ।

অন্যদিকে আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের চারটি আসনের মধ্যে কংগ্রেস দুটি এবং নির্দল প্রার্থীরা দুটি কেন্দ্রে এগিয়ে রয়েছে ।
এদিকে সরকারীভাবে ঘোষনা করা না হলেও কাটলিছড়া -বাগছড়া , বরুনছড়া -ধলছড়া ও উমেদনগর-রাজ্যেশ্বরপুর জেলা পরিষদ আসনে ষষ্ট রাউন্ডের পর বিজেপি প্রার্থীরা এগিয়ে রয়েছেন ।

বন্দুকমারা-নিতাইনগর ও আলগাপুর-কাঞ্চনপুর জেলা পরিষদ আসনে কংগ্রেস প্রার্থীরা এগিয়ে রয়েছেন ।

---

বরাক উপত্যকায় গত কয়েকদিনের বৃষ্টির ফলে বরাক-মেঘালয় সংযোগী ৬ নম্বর জাতীয় সড়ক বন্ধ হয়ে পড়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে অত্যাধিক বৃষ্টির কারনে শিলচর -শিলং জাতীয় সড়কে ভূমি ধ্বস হয়েছে । মেঘালয় পুলিশ যাতায়াতের জন্য জনসাধারনকে বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করেছে ।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ লক্ষীপুর ও ফরওয়ার্ড ক্লাবের উদ্যোগে আজ জয়পুর বাজার বিডিএস রাজার এম ডী স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০ টায় শুরু হবে।

---